

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা
www.rthd.gov.bd

নং- ৩৫.০০.০০০০.০৩২.০৬.০৩৯.১৫-৪৯১

তারিখ : ০৩-০৯-২০১৫ খ্রিস্টাব্দ

বিষয়: বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতাধীন জিওবি অর্থায়নে গৃহীত উন্নয়ন প্রকল্পের কাজের গুণগত মান নিশ্চিত করে স্থায়িত্ব বৃদ্ধি প্রসঙ্গে।

বিভিন্ন পর্যবেক্ষণ থেকে সম্প্রতি দেখা যাচ্ছে যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক গৃহীত বিভিন্ন উন্নয়ন প্রকল্পের মাধ্যমে মহাসড়ক নেটওয়ার্ক উন্নয়নের জন্য দরপত্র আহ্বান করা হলে ঠিকাদারদের মধ্যে প্রাক্কলিত দরের চেয়ে অধিক ও অযৌক্তিক নিম্নদরে দরপত্র দাখিলের প্রবণতা রয়েছে।

০২। এ অবস্থা থেকে উত্তরন এবং উন্নয়ন প্রকল্পের কাজের গুণগত মান নিশ্চিত করে স্থায়িত্ব বৃদ্ধির লক্ষ্যে জিওবি অর্থায়নে গৃহীত উন্নয়ন প্রকল্পের আওতায় সড়ক ও জনপথ অধিদপ্তরের রোট সিডিউল ২০১১ অনুযায়ী আহ্বানকৃত দরপত্র মূল্যায়নকালে নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল :

(ক) দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক মূল্যায়িত সর্বনিম্ন দর প্রাক্কলিত দরের চেয়ে ১০% এর অধিক নিম্নদর হলে দরপত্র অনুমোদনের সুপারিশ না করে অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পুনরায় দরপত্র আহ্বান করতে হবে।

(খ) ঠিকাদার কর্তৃক উদ্ধৃত দর প্রাক্কলিত দরের চেয়ে ৫% এর বেশী/কম হলে দরপত্র মূল্যায়নের সময় দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক পিপিআর ২০০৮ অনুসরণে বাধ্যতামূলকভাবে রেইট এনালাইসিস করতে হবে। দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক আইটেমভিত্তিক রেইট এনালাইসিস প্রতিবেদন প্রস্তাব অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট আলাদাভাবে দাখিল করতে হবে।

০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



(মোঃ মাহবুবুর রহমান)

সিনিয়র সহকারী প্রধান

ফোন-৯৫১৪২৬৬

E-mail : nfmjnz@yahoo.com

প্রধান প্রকৌশলী
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :

- ১। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
- ২। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
- ৩। সচিব, আইএমইডি, শের-ই-বাংলা নগর, ঢাকা
- ৪। অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ৫। যুগ্মসচিব (উন্নয়ন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ৬। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর,
ঢাকা /কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট/ময়নসিংহ/রাজশাহী/রংপুর/গোপালগঞ্জ/বরিশাল/খুলনা জোন
- ৭। উপসচিব (ডিএফডিপি/জিএফডিপি)/উপপ্রধান (পরি ও কার্য/সওজ জিওবি) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ✓ সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

অনুলিপি সদয় অবগতির জন্য :

- ১। সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ৩। যুগ্ম-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ৪-৫। অফিস কপি/মাস্টার কপি